



তারিখ: ২৫-০৩-২০২৪

দরপত্র বিজ্ঞপ্তি

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি (জিইবি) বিভাগের ২০২৩-২০২৪ অর্থবছরে গবেষণা সরঞ্জামাদি ক্রয় খাত থেকে “জিইবি সেন্ট্রাল ল্যাবরেটরির” জন্য Spectrum Compact CE system Capillary DNA Sequencer সংশ্লিষ্ট রিয়েজেন্ট, কনজিউমেবল ও আনুসংগিক যন্ত্র ক্রয় করার নিমিত্তে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগামী ২৪-০৪-২০২৪ তারিখ দুপুর ২.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে উল্লেখিত দরপত্র সংগ্রহ করা যাবে। উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকলেও সরকারী কার্যদিবসে জিইবি বিভাগের অফিসকক্ষ দরপত্র সংগ্রহের জন্য খোলা থাকবে। সিডিউল মূল্য নগদ ১,০০০.০০ টাকা (অফেরৎযোগ্য)। দরপত্রের সাথে জামানত বাবদ উল্লেখিত দরের ৩% অর্থ (ফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। ক্রটিপূর্ণ ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র আগামী ২৫-০৪-২০২৪ তারিখ দুপুর ১২ টার মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয় কোষাধ্যক্ষ দপ্তরে রক্ষিত নির্ধারিত বাক্সে জমা দিতে হবে। দরপত্র বাক্স একই দিন দুপুর ১২.১৫ মিনিটে দরপত্রদাতাদের (যদি কেউ উপস্থিত থাকেন) উপস্থিতিতে খোলা হবে। কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণে বাধ্য নয় এবং কোনো কারণ না দর্শিয়ে যে কোনো অথবা সমস্ত দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। Spectrum Compact CE system Capillary DNA Sequencer এর জন্য সমুদয় রিয়েজেন্ট, কনজিউমেবল ও আনুসংগিক যন্ত্র একটি লট (G02/L01) হিসাবে বিবেচিত হবে। উল্লেখ্য যে, দরপত্র সম্পর্কে কর্তৃপক্ষের যে কোনো সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

সভাপতি

জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ
রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী